

অধ্যক্ষসহ ৪ শিক্ষকের পদত্যাগে আলটিমেটাম, ফটকে তালা

নোয়াখালী মালেক উকিল মেডিক্যাল কলেজ

নোয়াখালী প্রতিনিধি

০৯ সেপ্টেম্বর ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়



নোয়াখালী আবদুল মালেক উকিল মেডিক্যাল কলেজ ক্যাম্পাসে গতকাল শিক্ষার্থীদের বিক্ষোভ -আমাদের সময়

অধ্যক্ষ, উপাধ্যক্ষসহ চার শিক্ষকের পদত্যাগের দাবিতে বিক্ষোভ করেছেন নোয়াখালী আবদুল মালেক উকিল মেডিক্যাল কলেজের শিক্ষার্থীরা। সকাল ১০টা থেকে মেডিক্যাল কলেজ ক্যাম্পাসের প্রধান ফটকে তালা ঝুলিয়ে দিয়ে বিক্ষোভ করেন। তারা চার শিক্ষকের পদত্যাগ এবং অন্যত্র বদলি দাবি জানিয়ে আগামী ২৪ ঘণ্টার আলটিমেটাম দেন। এতে উত্তপ্ত হয়ে উঠে ক্যাম্পাস।

এ সময় তারা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ডা. সৈয়দ জাকির হোসেন, উপাধ্যক্ষ ডা. মাহবুবুর রহমান, ফরেনসিক মেডিসিনের শিক্ষক ডা. রিয়াজ উদ্দীন চৌধুরী ও শিক্ষক সমিতির সভাপতি স্বাচিপ নেতা ডা. সৈয়দ কামরুল ইসলামের পদত্যাগের দাবি জানিয়ে নানা স্লোগান দেন।

শিক্ষার্থীরা জানান, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় ডা. রিয়াজ উদ্দিন আন্দোলনকারীদের শিবির কর্মী বলে ট্যাগ দিয়ে ছাত্রলীগের কর্মী দিয়ে হয়রানি করেন। তিনি তার ফেসবুক পেজ থেকে হাসিনা সরকারের পক্ষে প্রচার-প্রচারণা চালান।

মেডিক্যাল কলেজের ক্লাস চালু হলে শিক্ষার্থীরা স্বৈরাচারের দোসর হিসেবে ডা. রিয়াজ উদ্দিনে পদত্যাগ দাবি করেন। এতে অধ্যক্ষসহ স্বাধীনতা শিক্ষক পরিষদপন্থি (স্বাচিপ) শিক্ষকরা শনিবার একাডেমিক কাউন্সিলের সভা করে কোনো কারণ দর্শানো ছাড়াই চতুর্থ বর্ষের ছাত্র ইমন মুশদীকে দুই বছরের জন্য বহিষ্কার করেন।

এ ঘটনার পর আরও ক্ষিপ্ত হয়ে উঠেন মেডিক্যাল কলেজের শিক্ষার্থীরা। তারা রবিবার সকাল ১০টা থেকে মেডিক্যাল কলেজের প্রধান ফটকে তালা ঝুলিয়ে ক্লাস বর্জন করে আন্দোলনে নামেন। দুপুর ১টায় চার শিক্ষকের পদত্যাগ এবং অন্যত্র বদলি দাবি জানিয়ে আগামী ২৪ ঘণ্টার আলটিমেটাম দেন। অন্যথায় আগামীকাল তারা আবারও আন্দোলনে নামবেন।

[সারা দেশ](#) থেকে আরও পড়ুন